

প্রসেস নং- ৬৫

নোটিশ

প্রাপক: (সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো)

- ১। জেলা প্রশাসক, কুমিল্লা।
- ২। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুমিল্লা।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, দেবিদ্বার, কুমিল্লা।
- ৪। সহকারী কমিশনার (ভূমি), দেবিদ্বার, কুমিল্লা।
- ৫। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ইউনিয়ন ভূমি অফিস, দেবিদ্বার, কুমিল্লা।
- ৬। এল.এ/এস.এ শাখার নোটিশ বোর্ড, কুমিল্লা।
- ৭। মৌজার প্রকাশ্যে স্থানে লটকাইয়া জারী।
- ৮। জেলা প্রশাসক, কুমিল্লা মহোদয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য।

এতদ্বারা ২০১৭ সনের স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন (২০১৭ সনের ২১নং আইন) এর ৭ এর (ক) ধারা মোতাবেক নোটিশ প্রদান করা হইল যে, সরকার নিম্নবর্ণিত তফসিলভুক্ত সম্পত্তি দেশের গুরুত্বপূর্ণ উপজেলা সদর/স্থানে ১৫৬টি (সংশোধিত-১৪৩টি) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন শীর্ষক প্রকল্পের আওতায় কুমিল্লা জেলাধীন দেবিদ্বার উপজেলায় ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপনের জন্য অধিগ্রহণের সিদ্ধান্ত গ্রহণ করিবার এবং উহার দখল গ্রহণ করিতে মনস্থ করিয়াছেন;

অতএব, উক্ত সম্পত্তি মালিক/দখলকার/স্বার্থবান ব্যক্তিগণকে এতদ্বারা অনুরোধ জানান যাইতেছে যে, তাহারা যেন, ব্যক্তিগতভাবে অথবা তাহাদের ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির মাধ্যমে ২৬/৭/২০২২ তারিখে ৮.০০ ঘটিকা হতে বিকাল ৩.০০ ঘটিকার মধ্যে এল.এ শাখা, জেলাপ্রশাসকের কার্যালয়, কুমিল্লা অফিসে/স্থানে নিম্নস্বাক্ষরকারীর নিকট উপস্থিত হইয়া,

- (ক) উক্ত সম্পত্তিতে তাহার/তাহাদের স্বার্থের প্রকৃতি এবং উক্ত রূপ স্বার্থের ভিত্তিসহ দাবীর পূর্ণ বিবরণ প্রদান করবেন এবং
- (খ) উক্ত সম্পত্তির বা উহার কোন অংশের অংশীদার, লীজগ্রহীতা অথবা অন্য কেহ উহাতে স্বার্থবান হইলে বা উক্ত সম্পত্তি বাবদ তাহার/তাহাদের কোন স্বার্থ বা লভ্যাংশ লাভ করিয়া থাকিলে উহার প্রকৃতি সম্পর্কে যতদূর সম্ভব বিবৃতি প্রদান করিবেন অথবা লিখিত বিবৃতি পেশ করিবেন।
- (গ) শুনানীকালে প্রদর্শনের জন্য সকল দলিলাদি/কাগজপত্রাদি সংগে আনিবেন;

তফসিল

মৌজা: বারেরা,


জে.এল নং- ৪৮,

উপজেলা- দেবিদ্বার,

জেলা- কুমিল্লা

ক্রমিক নং	খতিয়ান নং		দাগ নং (বি.এস)	দাগে মোট জমির পরিমাণ (একর)	রেকর্ডীয় শ্রেণী	বাস্তব শ্রেণী	অধিগ্রহণের জন্য প্রস্তাবিত জমির পরিমাণ (একর)	মন্তব্য
	বি.এস	সৃজিত						
১	৬০২, ১৬৪৮	২৮৩৩	১২৯১	০.৩১০০	নাল	নাল	০.৩১০০	
২	১৩৯৬	২৯০৪	১২৯৬	০.২৫০০	নাল	পুকুর	০.১৪৫২	
						পুকুরপাড়	০.০৩৪৮	
৩	১৭৬৪	২৯০৪	১২৯৭	০.১৭০০	নাল	নাল	০.১৭০০	
৪	৫৬৯	২৮৩৩	১২৯৯	০.২২০০	নাল	নাল	০.১৪০০	
সর্বমোট =							০.৮০০০	

জেলাপ্রশাসক/ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা



সাইফুল ইসলাম কমল
ভূমি অধিগ্রহণ কর্মকর্তা
কুমিল্লা